



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/4/2023

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল আমেরিকান অ্যাসোসিয়েশন অফ স্টেট হাইওয়ে অ্যান্ড ট্রান্সপোর্টেশন
আধিকারিকদের দ্বারা সম্মানিত 739 মিলিয়ন ডলারের কিউ গার্ডেনস ইন্টারচেঞ্জ
প্রকল্পের ঘোষণা করেছেন

*NYS DOT প্রকল্প 2023 সালে আমেরিকার ট্রান্সপোর্টেশন অ্যাওয়ার্ডস প্রতিযোগিতায়
"প্রযুক্তি ও উদ্ভাবনের সেরা ব্যবহার, বড় প্রকল্প" বিভাগে আঞ্চলিক পুরস্কার অর্জন করে*

ইন্টারচেঞ্জের সমাপ্তির ভিডিও দেখুন [এখানে](#)

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে রাজ্যের পরিবহন বিভাগ দ্বারা সম্প্রতি সম্পন্ন করা একটি বড় প্রকল্পকে 2023 সালের আমেরিকার ট্রান্সপোর্টেশন অ্যাওয়ার্ডস প্রতিযোগিতায় একটি পুরস্কার দিয়ে সম্মানিত করা গেছে। কিউ গার্ডেনস ইন্টারচেঞ্জকে "প্রযুক্তি ও উদ্ভাবনের সেরা ব্যবহার, বড় প্রকল্প" বিভাগে নর্থইস্ট অ্যাসোসিয়েশন অফ স্টেট ট্রান্সপোর্টেশন অফিসিয়াল অঞ্চলের বিজয়ী হিসাবে নামকরণ করা হয়েছিল। এই বছর, 36টি রাজ্যের পরিবহন বিভাগ প্রতিযোগিতায় অংশ নিয়েছিল যা মোট 81টি প্রকল্পকে মনোনীত করেছে। 11 জুলাই উইলমিংটন, DE-তে NASTO বার্ষিক সভায় পুরস্কারটি উপস্থাপন করা হয়েছিল।

"পরিবহন বিভাগের কিকেউ গার্ডেনস ইন্টারচেঞ্জ প্রকল্পটি একটি বিশাল উদ্যোগ ছিল যা কুইন্সের পরিবহনের অবকাঠামোকে উন্নত করতে উদ্ভাবন এবং প্রযুক্তি ব্যবহার করেছিল সব বাধা কমানো এবং ট্র্যাফিককে চলমান রাখতে সহায়তা করার সাথে," **গভর্নর হোকল বলেছিলেন।** "এই কাজের জন্য জাতীয় পর্যায়ে স্বীকৃত হওয়া নিউ ইয়র্কবাসীদের জীবনকে আরও উন্নত করার জন্য আমাদের প্রচেষ্টার একটি প্রমাণ। আমি আমেরিকান অ্যাসোসিয়েশন অফ স্টেট হাইওয়ে অ্যান্ড ট্রান্সপোর্টেশন অফিসিয়ালদের এই স্বীকৃতির জন্য ধন্যবাদ জানাই এবং এই প্রকল্পে তাদের কঠোর পরিশ্রমের জন্য সমগ্র নিউ ইয়র্ক স্টেট পরিবহন বিভাগের টিমকে আন্তরিক অভিনন্দন জানাই।"

আমেরিকান অ্যাসোসিয়েশন অফ স্টেট হাইওয়ে অ্যান্ড ট্রান্সপোর্টেশন অফিসিয়ালস (American Association of State Highway and Transportation Officials, AASHTO), AAA, এবং মার্কিন যুক্তরাষ্ট্রের চেম্বার অফ কমার্স দ্বারা স্পনসর করা, আমেরিকার ট্রান্সপোর্টেশন অ্যাওয়ার্ডস প্রতিযোগিতা এমন প্রকল্প এবং প্রোগ্রামগুলিকে স্বীকৃতি দেয় যা তাদের

সম্প্রদায়গুলিকে বসবাস, কাজ এবং খেলার জন্য আরও ভাল জায়গা করে তোলে। এখন এর 16 তম বছরে, পুরস্কারগুলি দেখাতে সাহায্য করে যে কেন পরিবহনের অবকাঠামো এত গুরুত্বপূর্ণ।

কুইন্সে 739 মিলিয়ন ডলারের কিউ গার্ডেনস ইন্টারচেঞ্জ প্রকল্প, যা [2022 সালের শেষের দিকে সম্পন্ন হয়েছিল](#) সেটি মেট্রোপলিটন এলাকার সব চেয়ে বেশি ভ্রমণ করা করিডোরগুলির মধ্যে একটিকে নতুন করে তৈরি করেছে যা দ্রুত ভ্রমণের সময়, নিরাপদে একত্রিত হওয়া এবং প্রস্থান করা, এবং জন এফ কেনেডি ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট, লাগার্ডিয়া এয়ারপোর্ট, এবং সমগ্র অঞ্চল জুড়ে অন্যান্য গুরুত্বপূর্ণ গন্তব্যে পৌঁছানোর জন্য প্রতিদিন এটি ব্যবহার করেন এমন লক্ষ লক্ষ যাত্রী, ভ্রমণকারী এবং স্থানীয় ব্যবসার জন্য আরও নির্ভরযোগ্য সংযোগ তৈরি করেছে। কিউ গার্ডেনস ইন্টারচেঞ্জ প্রকল্পটি সম্প্রতি আমেরিকান কাউন্সিল অফ ইঞ্জিনিয়ারিং কোম্পানিজ (American Council of Engineering Companies, ACEC) ইঞ্জিনিয়ারিং এক্সেলেন্স অ্যাওয়ার্ডস প্রতিযোগিতায় একটি জাতীয় স্বীকৃতির পুরস্কার অর্জন করেছে, যা 2023 সালের এপ্রিল মাসে গভর্নর হোকল দ্বারা [ঘোষিত](#) হয়েছিল।

প্রযুক্তি বং উদ্ভাবনের সর্বোত্তম ব্যবহারের বিভাগ নতুন প্রযুক্তি এবং/অথবা সৃজনশীল/উদ্ভাবনী সমাধানগুলিকে স্বীকৃতি দেয় যা পরিবহনের প্রকল্পের অংশ হিসাবে রাজ্যের পরিবহন বিভাগ দ্বারা বাস্তবায়িত হয়। সামগ্রিকভাবে, পুরস্কারগুলির জন্য তিনটি বিভাগ ছিল: অপারেশনস এক্সিলেন্স, জীবনযাত্রার গুণমান/সম্প্রদায়ের উন্নয়ন, এবং প্রযুক্তি ও উদ্ভাবনের সর্বোত্তম ব্যবহার।

গ্রীষ্মে সমস্ত আঞ্চলিক সভাগুলি অনুষ্ঠিত হওয়ার পর, প্রতিটি অঞ্চল থেকে তিনটি সর্বোচ্চ স্কোর করা প্রকল্পকে "শীর্ষ 12" নামে অভিহিত করা হবে এবং সেগুলি শীর্ষ দুটি জাতীয় পুরস্কারের জন্য প্রতিদ্বন্দ্বিতা করতে যাবো। পিপলস চয়েস অ্যাওয়ার্ড অনলাইন ভোটিংয়ের মাধ্যমে জনগণের দ্বারা নির্ধারিত হওয়ার সময় গ্র্যান্ড প্রাইজটি বিচারকদের একটি স্বাধীন প্যানেল দ্বারা বাছাই করা হয়। এই নভেম্বরে ইন্ডিয়ানাপোলিসে AASHTO বার্ষিক সভায় বিজয়ীদের ঘোষণা করা হবে।

নিউ ইয়র্ক স্টেট পরিবহন বিভাগের কমিশনার মেরি থেরেসি ডমিনগুয়েজ বলেছেন,
"পরিবর্তনমূলক কিউ গার্ডেনস ইন্টারচেঞ্জ প্রকল্প জলবায়ুর সহনশীলতা উন্নত করার সাথে সাথে কম যানজট এবং বর্ধিত সুরক্ষার দিকে পরিচালিত করেছে এবং বহু-মোডাল পরিবহনের প্রচার করেছে। এই পুরস্কারটি সেই নিউ ইয়র্ক স্টেট পরিবহন বিভাগের সমস্ত নিবেদিতপ্রাণ মহিলা এবং পুরুষদের জন্য যারা এই ধরনের প্রকল্পগুলিকে সম্ভব করে তোলে এবং যাদের ফোকাস সবার জন্য নিরাপদ পরিবহন অগ্রসর করা। আমেরিকার ট্রান্সপোর্টেশন অ্যাওয়ার্ডসের জন্য আমাদের আন্তরিক ধন্যবাদ - কিউ গার্ডেনস ইন্টারচেঞ্জকে একটি রূপান্তরকারী, জলবায়ু-সচেতন প্রকল্প হিসাবে স্বীকৃতি পেতে দেখা একটি গর্বের বিষয় যা কুইন্স এবং এর বাইরেও একটি পরিবহন ব্যবস্থাকে আরও ভাল করার জন্য পরিবর্তন করেছে।"

কিউ গার্ডেনস ইন্টারচেঞ্জ সহ এই বছরের মনোনীতদের সম্পর্কে আরও জানতে <https://americastransportationawards.org/>-এ যান।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)